অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/30/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্মার্ট স্কুল বন্ড আইনের মাধ্যমে স্কুল প্রযুক্তি হালনাগাদ করার জন্য 94 মিলিয়ন ডলার বিনিয়োগের কথা ঘোষণা করেছেন

স্মার্ট স্কুল পর্যালোচনা বোর্ড কর্তৃক 148টি বিনিয়োগের পরিকল্পনার অনুমোদন দেওয়া হয়েছে

2 বিলিয়ন ডলার স্মার্ট স্কুল বন্ড আইন ক্লাসরুম প্রযুক্তি, উচ্চ-প্রযুক্তির নিরাপত্তা, এবং স্কুলের যোগাযোগ ব্যবস্থাকে সহায়তা করবে

স্কুলের নিরাপত্তা উন্নত করা এবং 21 শতকের শিক্ষাদান এবং শিক্ষণ পুনর্ব্যাখ্যার লক্ষ্যে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 148টি স্মার্ট স্কুল বিনিয়োগ প্রকল্প (Smart Schools Investment Plans) অনুমোদনের কথা ঘোষণা করেছেন। অনুমোদিত প্রকল্পগুলি, যার মোট পরিমাণ 94 মিলিয়ন মার্কিন ডলার, 2 বিলিয়ন মার্কিন ডলার স্মার্ট স্কুল বন্ডস আইনের (Smart Schools Bond Act) অংশ -- গভর্নরের দ্বারা প্রথম প্রস্তাবিত শিক্ষা প্রযুক্তি উন্নয়নের একটি উদ্যোগ যা সিংহভাগ ভোটারদের দ্বারা অনুমোদিত হয়েছে।

"চলমান জনস্বাস্থ্য সংকট যেমন দেখা গেছে, এখন স্কুলগুলোকে তাদের পরিকাঠামো আধুনিকীকরণে সাহায্য করার জন্য আমাদের যথাসাধ্য চেষ্টা করতে হবে এবং শ্রেণীকক্ষে থাকতে না পারলেও ছাত্রছাত্রীদের পড়াশোনার সাথে তাল মিলিয়ে চলতে সক্ষম হওয়ার জন্য সজ্জিত হতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "এই বিনিয়োগ স্কুলগুলিকে এই বিশ্বব্যাপী মহামারির মধ্যে দিয়ে নিজেদের পরিচালনা করতে সাহায্য করবে এবং তার সাথে সুযোগ-সুবিধা প্রসারিত করবে এবং ছাত্রছাত্রীদের 21 শতকের অর্থনৈতিক পরিস্থিতিতে সফল হতে প্রয়োজনীয় দক্ষতা এবং প্রযুক্তি প্রদান করবে।"

স্কুল ডিস্ট্রিক্ট এবং বিশেষ শিক্ষার স্কুলগুলো কর্তৃক জমা দেওয়া বিনিয়োগের পরিকল্পনাগুলো বিবেচনার উদ্দেশ্যে স্মার্ট স্কুল পর্যালোচনা বোর্ড (Smart Schools Review Board) আজ এই নিয়ে পনেরো বার সাক্ষাৎ করেছে। এই বোর্ডে আছেন ডিরেক্টর অফ বাজেট, স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের (State University of New York) চ্যান্সেলর, এবং স্টেট শিক্ষা দপ্তরের (State

Education Department) কমিশনার।

আজকের অনুমোদিত পরিকল্পনাগুলি 131টি স্কুল ডিস্ট্রিক্ট এবং পাঁচটি বিশেষ শিক্ষার স্কুল জমা দিয়েছিল। প্রকল্পগুলির মধ্যে রয়েছে শ্রেণীকক্ষ প্রযুক্তির জন্য 52.2 মিলিয়ন মার্কিন ডলার, স্কুল সংযোগের জন্য 13.7 মিলিয়ন মার্কিন ডলার, উচ্চ প্রযুক্তির নিরাপত্তার জন্য 24.9 মিলিয়ন মার্কিন ডলার এবং প্রাক-কিন্ডারগার্টেন শ্রেণীকক্ষের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলার। পরিকল্পনাগুলোর একটি সারসংক্ষেপ এখানে পাওয়া যাবে।

স্মার্ট স্কুল বন্ড আইনের মাধ্যমে, স্কুল ডিস্ট্রিক্টগুলি কম্পিউটার সার্ভার, ইন্টারেক্টিভ হোয়াইটবোর্ড, ট্যাবলেট, ডেস্কটপ এবং ল্যাপটপ কম্পিউটার, এবং উচ্চ-গতির ব্রডব্যান্ড এবং ওয়্যারলেস সংযোগের মত প্রযুক্তিতে বিনিয়োগ করছে। এই প্রযুক্তি ছাত্রছাত্রীদের তাদের নিজস্ব গতিতে শিখতে সহায়তা করে, উন্নত পাঠক্রম ও ইন্টারেক্টিভ কারিকুলামের অ্যাক্সেস সম্প্রসারিত করে, এবং মাবাবা এবং শিক্ষক-শিক্ষিকাদের মধ্যে যোগাযোগ উন্নত করে। উচ্চ প্রযুক্তির স্কুল সুরক্ষায় বিনিয়োগগুলি জরুরি সরঞ্জাম বিজ্ঞপ্তি সিস্টেম এবং অন্যান্য সুরক্ষা প্রযুক্তির মতো নতুন সরঞ্জাম ক্রয়কে সমর্থন করে। প্রাক-কিন্ডারগার্টেন শ্রেণীকক্ষ নির্মাণের উদ্দেশ্যে অতিরিক্ত বিনিয়োগ নিশ্চিত করতে সাহায্য করবে যে শিক্ষার্থীরা আধুনিক, হালনাগাদকৃত স্থানে শিক্ষা পায়।

স্টেট বাজেট ডিরেক্টর রবার্ট এফ. মুজিকা বলেছেন, "স্মার্ট স্কুল প্রোগ্রামের মাধ্যমে আমরা আধুনিক শ্রেণীকক্ষ পরিচালনা করার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করছি যার সাথে শিক্ষার্থীরা সংযুক্ত হতে পারে তারা যেখানেই থাকুক না কেন - যা আরো বেশি গুরুত্বপূর্ণ যখন আমরা চলমান জনস্বাস্থ্য সংকটের সাথে লড়াই করছি। একই সময়ে, নতুন প্রযুক্তি আমাদের স্কুলের নিরাপত্তা বাড়াবে শিশুদের নিরাপদ রাখার জন্য যখন তারা ভবনের মধ্যে থাকবে এবং একই সাথে 21তম শতাব্দীর অর্থনীতিতে সাফল্যের জন্য আমাদের ছাত্রদের স্থাপন করবে।"

অন্তর্বর্তী রাষ্ট্রীয় শিক্ষা কমিশনার শ্যানন টাহি বলেন, "COVID-19 মহামারী সকল শিক্ষার্থীদের ভার্চুয়াল শিক্ষাকে সমর্থন করে এমন ডিভাইসের নাগাল পাওয়ার প্রয়োজনীয়তার কথা তুলে ধরেছে। এই অনুমোদনগুলির সময়, আমি আনন্দিত যে এতগুলো জেলা শিক্ষা যেন সকল ছাত্রছাত্রীদের জন্য সমান হয়, বিশেষ করে এই কঠিন সময়ে, তা নিশ্চিত করার জন্য আমাদের নিষ্ঠা ভাগ করে নিয়েছে। ডিপার্টমেন্ট SSBA বোর্ডে আমাদের অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা চালিয়ে যাবে যাতে সারা রাজ্যের জেলাগুলো দ্রুত উন্নয়নশীল প্রযুক্তিগত প্রেক্ষাপটের সাথে তাল মিলিয়ে চলতে পারে।"

স্টেট ইউনিভার্সিটি অফ নিউ ইয়র্কের (SUNY) সিনিয়র ভাইস চ্যান্সেলর এবং চিফ অপারেটিং অফিসার বব মেগ্না বলেন, "শিক্ষা অব্যাহত রাখার সাথে সাথে জনগণকে সুরক্ষিত রাখার জন্য প্রয়োজনীয় সময় দূরবর্তী শিক্ষাকে একীভূত করার জন্য সকল স্তরের শিক্ষা নেতারা আগামী স্কুল বছরের জন্য পরিকল্পনা তৈরি করছেন। গভর্নর কুওমোর স্মার্ট স্কুল প্রোগ্রাম সফলভাবে জনস্বাস্থ্য এবং একাডেমিক চাহিদার ভারসাম্য বজায় রাখার সাথে সাথে শিক্ষার্থীদের সফল হওয়ার সরঞ্জাম প্রাপ্তি নিশ্চিত করতে সাহায্য করবে। দরিদ্র এবং সংখ্যালঘু সম্প্রদায়ের উপর বিশ্বব্যাপী মহামারীর

অসমানুপাতিক প্রভাবের কারণে – আমরা গর্বিত যে নিউ ইয়র্ক ছাত্রদের সাহায্য করার প্রচেষ্টা দ্বিগুণ করছে যাদের তা সব চেয়ে বেশি প্রয়োজন।"

2014 সালে, গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেটকে একটি স্মার্ট স্কুল বন্ড আইনের মাধ্যমে তার স্কুলগুলিতে 2 বিলিয়ন ডলার মার্কিন ডলার বিনিয়োগ করার আহ্বান জানান – একটি উদ্যোগ যা শিক্ষাগত প্রযুক্তি এবং পরিকাঠামোতে অর্থের যোগান দেয়, ছাত্রছাত্রীদের 21 শতকের অর্থনীতিতে সফল হতে এবং প্রতিদ্বন্দ্বিতা করতে প্রয়োজনীয় সাম্প্রতিকতম প্রযুক্তি ও সংযোগ ব্যবস্থা ব্যবহারের অধিকার প্রদান করে। নভেম্বর মাসে ভোটাররা স্মার্ট স্কুলস বন্ড আইনে অনুমোদন দেয় বলে, নিউ ইয়র্কবাসীগণ সম্মত হন।

বন্ড আইনের প্রস্তাবের পরে, স্কুলগুলি কিভাবে বন্ডের তহবিল সবথেকে কার্যকরভাবে বিনিয়োগ করতে পারে তার কৌশল স্থির করতে তথ্য সংগ্রহের জন্য গভর্নর কুওমো স্মার্ট স্কুল কমিশন গঠন করেন। এই উপদেষ্টা পরিষদ, ব্রডব্যান্ডের ও ওয়্যারলেস সংযোগের ব্যাপক সম্প্রসারণ এবং আমূল পরিবর্তনকারী প্রযুক্তিগুলি ব্যবহারের উপর জোর দেওয়ার সুপারিশ করে একটি চূড়ান্ত প্রতিবেদন পেশ করেছে। স্মার্ট স্কুল রিভিউ বোর্ড দ্বারা আজকের অনুমোদিত পরিকল্পনাগুলি কমিশন দ্বারা চিহ্নিত উৎকৃষ্ট রীতির অনেকগুলিকে সুচিন্তিতরূপে প্রকাশ করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন